



সরকারি হাসপাতালের আউটডোর টিকিট কাউন্টারে ভিড় কমাতে রাজ্য জুড়ে কিউআর ভিত্তিক টিকিট কাটার ব্যবস্থা চালু হচ্ছে। ...বিস্তারিত পাতা ৩



নেপালি ভাষা দিবসে ছুটি থাকবে পাছো। এই ঘোষণা করেছে গোখালায়ন্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশন বা জিটিএ। ২০ আগস্ট নেপালি ভাষা দিবস। ...বিস্তারিত পাতা ৫



প্রযুক্তির গণতন্ত্রীকরণে বিশ্বাস করেন প্রধানমন্ত্রী মোদি। বেসালুরুতে আয়োজিত জি-২০ ডিজিটাল অর্থনীতি মন্ত্রী পর্যায়ের বৈঠকে এই মন্তব্য অশ্বিনী বৈষ্ণবের। ...বিস্তারিত পাতা ৬



নাড়া চার বছরের জন্য নিষেধাজ্ঞা জারি করার পর দ্যুতি জানিয়েছেন, তিনি ক্যানসারের সঙ্গে লড়াই করছেন। যত্না কমাতে অজান্তে নিষিদ্ধ গুণ্ডা সেবন করেছিলেন। ...বিস্তারিত পাতা ৮

রাজ্যসভার ১২ শতাংশ সাংসদ বিলিওনেয়ার, এক তৃতীয়াংশের বিরুদ্ধে রয়েছে অপরাধের মামলা

নয়াদিল্লি, ১৯ আগস্টঃ রাজ্যসভার বর্তমানে ২২৫ জন সাংসদ রয়েছেন। তাদের সম্পত্তির পরিমাণ, তাদের বিরুদ্ধে থাকা ফৌজদারি মামলা এবং আরও বেশ কিছু বিষয়ে সীক্ষা চালিয়েছে অ্যাসোসিয়েশন ফর ডেমোক্রেটিক রিফর্মস (এডিআর) এবং ন্যাশনাল ইলেকশন ওয়াচ (এনইউও)। সেই রিপোর্টে উঠে এল দেশের বর্তমান রাজ্যসভার সাংসদদের মধ্যে ১২ শতাংশের সম্পত্তির পরিমাণ ১০০ কোটির বেশি। এর মধ্যে সবথেকে বেশি অক্সপ্রদেশে। রাজ্যসভায় মোট ২৭ জন সাংসদের সম্পত্তি ১০০ কোটির বেশি। অক্সপ্রদেশে ছাড়াও তেলঙ্গানা, মহারাষ্ট্র রয়েছে তালিকার প্রথম সারিতে। এডিআর-এর রিপোর্ট বলছে, অক্সপ্রদেশের ১১ জন রাজ্যসভার সাংসদের মধ্যে ৫ জন বিলিওনেয়ার। অর্থাৎ ৪৫ শতাংশ। তেলঙ্গানার ৭ জনের মধ্যে ৬ জন বিলিওনেয়ার (৪৩ শতাংশ)। মহারাষ্ট্রের ১৯ জনের মধ্যে রয়েছেন ৩ জন (১৬ শতাংশ), দিল্লির ৩ জনের মধ্যে ১ জন (৩৩ শতাংশ)। এ ছাড়াও এই তালিকায় রয়েছেন পঞ্জাব থেকে ২ জন, হরিয়ানা থেকে ১ জন এবং মধ্য প্রদেশ থেকে ২ জন। এর মধ্যে তেলঙ্গানার ৭ সাংসদদের মোট সম্পত্তির পরিমাণ ৫ হাজার ৫৯৬



কোটি টাকা এবং অক্সপ্রদেশের ১১ জন সাংসদের মোট সম্পত্তি ৩ হাজার ৮২৬ কোটি টাকা। এ ছাড়াও রাজ্যসভার বর্তমানে যে সাংসদরা রয়েছেন তাদের মধ্যে ৮৪ জন সাংসদের প্রত্যেক সম্পত্তির পরিমাণ ১০ কোটি টাকার বেশি। ৬৩ জন এমন আছেন যাদের সম্পত্তি ৫ থেকে ১০ কোটি টাকার মধ্যে। ৭৭ জন সাংসদের মোট সম্পত্তি ১ থেকে ৫ কোটি টাকার মধ্যে এবং ২৬ জনের মোট সম্পত্তি ২০ লক্ষ থেকে ১ কোটি টাকার মধ্যে। সাংসদদের বিরুদ্ধে থাকা অপরাধের মামলার হিসাবও উঠে এসেছে এই সীক্ষায়। সেখানে জানা যাচ্ছে, ২২৫ জন রাজ্যসভা সাংসদের মধ্যে ৭৫ জনের বিরুদ্ধে রয়েছে অপরাধের মামলা। অর্থাৎ এক তৃতীয়াংশের বিরুদ্ধে অপরাধের অভিযোগ রয়েছে। এর মধ্যে ৪১ জনের বিরুদ্ধে গুরুতর অপরাধের মামলা রয়েছে। ২ জন আবার খুনের মামলায় অভিযুক্ত। ৪ রাজ্যসভা সাংসদের মহিলাদের বিরুদ্ধে করা অপরাধের মামলা রয়েছে। এই চারজনের মধ্যে রাজস্থানের এক সাংসদের বিরুদ্ধে ধর্ষণের মামলা রয়েছে। অপরাধের মামলা সবথেকে বেশি রয়েছে বিজেপি সাংসদদের বিরুদ্ধে। বিজেপির ২৩, কংগ্রেসের ১২, তৃণমূলের ৪, আরজেডি-র ৫ জন, আপের ৬ জনের বিরুদ্ধে অপরাধের মামলা রয়েছে বলে হলকনসার্বা জানিয়েছেন ওই সাংসদরা।

যাদবপুরের হস্টেলে চলত ডিজিটাল তোলাবাজি, নবাগতদের টাকা দিতে বাধ্য করতেন সিনিয়ররা

দুরন্ত বার্তা, কলকাতা, ১৯ আগস্টঃ ছাত্রমৃত্যুর তদন্তে একে একে পুলিশের হাতে গ্রেফতার হয়েছে ১২ জন। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের হস্টেলের সিনিয়র আধিকারিকদের বিরুদ্ধে উল্লেখ্য তোলাবাজির অভিযোগ। তদন্তকারীরা জেরায় জানতে পেরেছেন, হস্টেলে নবাগত ছাত্রদের কাছ থেকে ডিজিটাল কায়দায় চলত তোলাবাজি। সিনিয়রদের খাবার ও মদের টাকা অনলাইনে দিতে বাধ্য করা হত প্রথম বর্ষের নবাগতদের। অভিযোগে সন্তোষ হতবাক নিহত ছাত্রের বাবাও। তদন্তকারীরা ধৃতদের জেরা করে জানতে পেরেছেন, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মৌন হস্টেলে প্রথম বর্ষের ছাত্রদের থেকে তোলাবাজি করতেন সিনিয়ররা। সৌরভ চৌধুরী নেতৃত্বে চলত এই তোলাবাজি চক্র। তদন্তকারীর দাবি, নতুন ছাত্ররা হস্টেলে এলে কার কোন আর্থিক সমর্থন তা আগে বুঝে নেওয়া হত। তার

পর বিভিন্ন সময় অনলাইনে অর্ডার করা খাবার বা মদের দাম মেটাতে বাধ্য করা হত তাদের। এভাবেই প্রথম বর্ষের ছাত্রদের টাকায় মোছাব করতেন সিনিয়ররা। তদন্তকারীরা জানিয়েছেন, কোন কোন ছাত্রের থেকে মোটা টাকা আদায় করা যাবে তা আগে থেকে তালিকা করে রাখতেন সৌরভ চৌধুরীরা। দরকার হলেই ব্যাঙ্ক অ্যাকাউন্টের মতো ব্যবহার করা হত তাদের। এমনকী হস্টেলে থেকে বাড়িতে টাকা পাঠাতেন প্রাক্তনীরা। হস্টেলে কে রীতিমতো টাকা রোজগারের পথ বানিয়ে ফেলেছিলেন তারা। একথা শুনে হতবাক নিদার্যার নিহত ছাত্রের বাবা। তার প্রশ্ন, একদিকে যখন হস্টেলে থাকতে না পেলে যাদবপুরে পড়ার স্বপ্ন বিসর্জন দিতে হচ্ছে অনেক ছাত্রকে তখন কী করে হস্টেলের ঘর দলল করে রাখেন প্রাক্তনীরা? এর কিই বা কী জানত না কর্তৃপক্ষ? না কি সব জেনেও চুপ করে ছিল তারা?

কেন্দ্রীয় বাহিনী নিয়ে কলকাতা পুরনিগমে প্রবেশ নিষিদ্ধ, বিজ্ঞপ্তি জারি

দুরন্ত বার্তা, কলকাতা, ১৯ আগস্টঃ কেন্দ্রীয় বাহিনী নিয়ে কলকাতা পুরনিগমে আর প্রবেশ করা যাবে না। কেন্দ্রীয় বাহিনীকে পুরনিগমের বাইরেই দাঁড়িয়ে থাকতে হবে। শনিবার এমনই নির্দেশিকা জারি করলেন কলকাতার মেয়র ফিরহাদ হাকিম। একইসঙ্গে বলা হয়েছে, কলকাতা পুরনিগমে কাউন্সিলর ক্লাব রুমও কোনও বহিরাগত এসে আর বসতে পারবেন না। যদি কোনও



কাউন্সিলর বহিরাগত কাউন্সিলর ডাকেন, তাহলে সেক্ষেত্রে স্প্লি লিখে ঢুকতে হবে। তা তিনি শাসকদলের কাউন্সিলর হোন বা বিরোধীদের অধিবেশনের দিন বহিরাগত প্রবেশ সম্পূর্ণ নিষিদ্ধ করা হল কলকাতা পুরনিগমে। কলকাতা পুরনিগম ঐতিহ্যবাহী ভবন। হোট লালবাড়ি বলা হয়। সেখানে রাজনীতির কারবারিদের এমন চেহারা উঠে আসায়, পুরনাগরিকরা হতবাক। শনিবার বিজেপি কর্মীর বাড়ির একাংশ বুলডোজার দিয়ে ভেঙে ফেলার অভিযোগ ওঠে কলকাতা কর্পোরেশনের বিরুদ্ধে। আর সেই অভিযোগকে সামনে রেখে শনিবার

‘এরা সফল অপরাধী, ব্যর্থ অভিনেতা’

ধৃতদের কোর্টে তুলতেই গর্জে উঠলেন সরকারি আইনজীবী

দুরন্ত বার্তা, কলকাতা, ১৯ আগস্টঃ যাদবপুরকাণ্ডে শুক্রবার রাতেই গ্রেফতার করা হয়েছে তিন পড়ুয়াকে। এর মধ্যে দু’জন প্রাক্তনী ও এক বর্তমান পড়ুয়া রয়েছেন। এদিনই ধৃতদের আলিপুর আদালতে তোলা হয়। প্রত্যেককেই আগামী ৬১ আগস্ট পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে। সূত্রের খবর, তদন্তের শুরু থেকেই ধৃতরা পুলিশকে ভুলপথে চালিত করার চেষ্টা করেছেন। ঘটনার দিন প্রত্যেকেই ঘটনাস্থলে ছিলেন। তারপর পরিকল্পনা করে বাড়িও চলে গিয়েছিলেন। মিথ্যা বয়ান দিয়ে তদন্তকে প্রভাবিত করেছেন। শুধু এই তিনজন নয়, গ্রেফতার হওয়া বাকি ৯ পড়ুয়াও করেছেন এই কাজ। এদিন আদালতে আবার সরকারি আইনজীবীকে স্পষ্ট বলতে শোনা যায়, এরা প্রত্যেকেই সফল অপরাধী, কিন্তু ব্যর্থ অভিনেতা। তার দাবি, অপরাধ ওরা সকলে একসঙ্গে করছে। প্রত্যেকেই অপরাধের সঙ্গে কোনও না কোনওভাবে যুক্ত।



শীঘ্রই রহস্যের আড়ালে থাকা গল্প সামনে আসবে। সূত্রের খবর, শুানি চলাকালীন বারবার নিজেকে নির্দেশ দিয়েছেন বিচারক। পুলিশ সূত্রে খবর, এই ঘটনার সঙ্গে আরও অনেকেই যুক্ত থাকতে পারে। ধৃতদের জেরা করে তাদেরই নাগাল পেতে চাইছেন তদন্তকারীরা। একইসঙ্গে প্রথমবর্ষের ছাত্রের ঠিক

কীভাবে মৃত্যু হল, অর্থাৎ সে নিজে পড়ে গেল নাকি কেউ তাকে ধাক্কা মেরে ফেলে দিল তাও বোঝার চেষ্টা করছে পুলিশ। যদিও সরকারি আইনজীবীর সাক্ষ্য দাবি, এটা পুরোটাই সংগঠিত অপরাধ। আগে থেকে প্ল্যান করেই সবটা করা হয়েছে। এমনকী পরবর্তীতে পুলিশ জেরার মুখোমুখি হলে তাঁরা কী বয়ান দেবে তাও একসঙ্গে বসে ঠিক করেছিল ধৃতেরা। প্রসঙ্গত, যাদবপুরকাণ্ডে ১১ আগস্ট গ্রেফতার করা হয় সৌরভ চৌধুরীকে। সে যাদবপুরের প্রাক্তনী। ১৬ আগস্ট গ্রেফতার হয় দীপশেখর দত্ত, মনোতোষ ঘোষ। দুজনেই বর্তমান পড়ুয়া। এরপর ১৬ আগস্ট গ্রেফতার হয় সপ্তক কামিল্যা, অসিত সর্দার, মহম্মদ আরিফ, সুমন নন্দর, অক্ষয় সর্দার, মহম্মদ আসিফ আজমলকে। এদের মধ্যেও অনেকেই আবার প্রাক্তনী। ১৮ আগস্ট গ্রেফতার পুলিশের জালে ধরা পড়ে নাসিম আক্তার, হিম্মাশু কর্মকার, সত্যব্রত রায় নামে তিন পড়ুয়া।

গর্ভপাতের মামলায় ‘অবহেলার’ বদলে ‘তৎপরতার’ মনোভাব রাখা উচিত আদালতের সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ১৯ আগস্টঃ গর্ভপাতের মতো মামলায় অংশ নিতে ‘অবহেলার মনোভাব’-এর বদলে ‘তৎপরতার’ মনোভাব থাকা জরুরি। গুজরাট হাইকোর্টে কর্তা করে শনিবার এমন কথাই জানাল দেশের সর্বোচ্চ আদালত। ২৭ সপ্তাহের এক অন্তঃস্থ গর্ভপাতের অনুমতি সংক্রান্ত মামলার প্রেক্ষিতে এ কথা জানাল সুপ্রিম কোর্ট। বিচারপতি বিডি নাগরসের নেতৃত্বাধীন সুপ্রিম কোর্টের বৈধ ধর্মের জেরে অন্তঃস্থ হয় পড়া নির্বাচনের মেডিক্যাল রিপোর্ট রবিবারের মধ্যে দিতে নির্দেশ দিয়েছেন। এবং সোমবার প্রথম মামলা হিসাবে তা শোনা হবে বলে জানিয়েছে। গুজরাতে হাইকোর্টে এই মামলার সময় নষ্টের বিষয়টি নজর এড়াইনি দেশের শীর্ষ আদালতের। তার প্রেক্ষিতেই মামলার রায়ে তৎপরতা দেখানোর কথা জানিয়েছেন সুপ্রিম কোর্টের বিচারপতিরা। বিচারপতি নাগরসের নেতৃত্বাধীন বৈধ বিচারপতি উজ্জ্বল ভূয়ান এই মামলার বিষয়ে বলেছেন, ১১ আগস্ট হাইকোর্টের কাছে মেডিক্যাল রিপোর্ট পেশ করা হয়েছিল। কিন্তু এর পরবর্তী শুানি ধর্ম হয় ২৬ আগস্ট। এর জেরে গুরুত্বপূর্ণ সময় নষ্ট হয়। হাইকোর্টে মামলার শুানি পিছিয়ে দেওয়ায় ১২টি দিন নষ্ট করেছে। এই সব ক্ষেত্রে তৎপরতার মনোভাব থাকা জরুরি, অবহেলার মনোভাব নয়। অন্য পাঁচটি মামলার মতো এটাকে কেলে রাখা চল না। ১১ তারিখ রিপোর্ট পাওয়ার পর গুজরাতে হাইকোর্ট ২৬ তারিখ পরবর্তী শুানি ধর্ম করে। কিন্তু ধর্মের নির্বাচিত তার ১৭ আগস্ট নিরাপদ গর্ভপাতের সময় খারিজ করে গুজরাতে হাইকোর্ট। এর জন্য কোনও কারণও দেখাননি গুজরাট হাইকোর্ট। তার পরই সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন ধর্মের জেরে অন্তঃস্থ হয় পড়া ২৫ বছরের ওই যুবতী।

নিয়োগ দুর্নীতিকাণ্ডে গ্রেফতারির ১২ দিন পর জামিন ৪ শিক্ষকের

দুরন্ত বার্তা, কলকাতা, ১৯ আগস্টঃ নিয়োগ দুর্নীতি কাণ্ডে বড় বড় মাধ্যমের পাশাপাশি শিক্ষকদের উপরেও নজর কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার। কিছুদিন আগেই, টাকা দিয়ে চাকরি পাওয়ার অভিযোগে সিবিআইয়ের হাতে গ্রেফতার হয়েছিলেন চার শিক্ষক। এবার তাদের জামিন দিল আলিপুরের বিশেষ সিবিআই আদালত। অভিযুক্ত

প্রাথমিক শিক্ষক। টাকা দেওয়ার অভিযোগে পুরোপুরি অস্বীকার করেন তাঁরা আদালতে। এরপর শনিবার তাদের ফের অভিযুক্ত চার শিক্ষককে আলিপুর আদালতে পেশ করা হয়েছিল। এদিন তাঁরা আদালতে হাজিরা দিয়ে জানান, তাঁরা তদন্তে সিবিআইকে সর্বকর্মভাবে সহযোগিতা করবেন। এবার আদালত ওই চার

চার শিক্ষককেই এদিন অন্তর্বর্তী জামিনের নির্দেশ দিল আদালত। ৬ হাজার টাকার বন্ডে জামিন মঞ্জুর করা হয়েছে অভিযুক্ত ওই চার প্রাথমিক শিক্ষককে। উল্লেখ্য, এর আগে গত ৭ আগস্ট সাইগর হুসেন, সীমার হুসেন, জাহিরউদ্দিন শেখ ও সৌগত মণ্ডলকে গ্রেফতারের নির্দেশ দিয়েছিল আদালত। সেই নির্দেশের ১২ দিন পর হাইকোর্ট ২৬ তারিখ পরবর্তী শুানি ধর্ম করে। কিন্তু ধর্মের নির্বাচিত তার ১৭ আগস্ট নিরাপদ গর্ভপাতের সময় খারিজ করে গুজরাতে হাইকোর্ট। এর জন্য কোনও কারণও দেখাননি গুজরাট হাইকোর্ট। তার পরই সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন ধর্মের জেরে অন্তঃস্থ হয় পড়া ২৫ বছরের ওই যুবতী।

প্রাথমিক স্কুল শিক্ষককে শর্তসাপেক্ষে জামিন মঞ্জুর করেন। চার শিক্ষকের আইনজীবী এদিন আদালতের বাইরে বলেন, “আদালত জানতে চেয়েছে তদন্তের ক্ষেত্রে সাক্ষ্য দেওয়ার সময় বা কোনও গোপন জবানবন্দি দেওয়ার প্রয়োজন হলে, শিক্ষকরা তাতে ইচ্ছুক কি না। জবাবে একজন শিক্ষক প্রথমে জানান, তিনি ইচ্ছুক। তারপর বাকিরাও জানান, তারা ইচ্ছুক। তখন সিবিআই-এর আইনজীবী কিছুটা আপত্তি জানিয়েছিলেন। কিন্তু আদালত জানিয়েছে, যেহেতু এরা তদন্তে সহযোগিতায় রাজি, তাই এদের আটকে রাখার মতো কোনও কারণ নেই। তাই চারজনকে জামিন দেওয়া হয়েছে।”


‘কেন্দ্রীয় সরকার কি আপনাদের কোনও ক্ষমতা দিয়েছে?’ গরুপাচার মামলায় ইডিকে ভর্ৎসনা আদালতের

দুরন্ত বার্তা, আসানসোল, ১৯ আগস্টঃ আবার তীব্র ভর্ৎসনার সম্মুখীন হল ইডি। গরুপাচার মামলা নয়াদিল্লিতে নিয়ে যেতে চেয়েই সওয়াল করেন ইডির আইনজীবী। সেই শুনানিতে সিবিআই বিশেষ আদালতে বিচারকের ভর্ৎসনার মুখে পড়ল ইডি। গরুপাচার মামলায় অনুব্রত মণ্ডল এবং সায়গল হোসেন গ্রেফতার হয়ে এখন তিহাড় জেলে বন্দি। এই মামলা আসানসোল থেকে দিল্লির রাউস অ্যান্ডিনউ কোর্টে স্থানান্তর করার আবেদন করেন ইডির আইনজীবী। তাতেই ক্ষোভপ্রকাশ করেন বিচারক রাধেশ চক্রবর্তী। বিচারক সরাসরি প্রশ্নও করেন, কোন অধিকারে এই মামলার তদন্ত করছে ইডি? এদিকে আজ, শনিবার আসানসোলে সিবিআইয়ের বিশেষ আদালতে ইডির করা আবেদনের উপর শুানি চলছিল। এই মামলার শুনানিতে বিচারক প্রশ্ন করেন ইডির আইনজীবী অভিযুক্ত ভর্তুকা। আজ শুনানিতে অনুব্রতের পক্ষে সওয়াল করেন আইনজীবী সোমনাথ চট্টোপাধ্যায়। সায়গলের আইনজীবী ছিলেন শেখর কুন্ডু। আবার সিবিআই

জমা দেওয়া হয়েছে। বিচারক তখন প্রশ্ন করেন, “কতজন সাক্ষী রয়েছেন এই মামলার?” সূশান্ত ভট্টাচার্য জবাব দেন প্রায় পাঁচশো। অন্যদিকে তখনই বিচারক ক্ষুব্ধ হন।

আর ইডির আইনজীবী অভিযুক্ত ভর্তুকা প্রশ্ন করে বলেন, “এই মামলাটি আপনারা তদন্ত করছেন কোন অধিকারে? কেন্দ্রীয় সরকার কি আপনাদের কোনও ক্ষমতা দিয়েছে? যদি দিয়ে থাকে, তা হলে কাগজ দেখান।

আপনারা কেন? এনআইএ বা অন্য কোনও সংস্থা দিয়ে কেন এই মামলার তদন্ত হবে না? ব্যাখ্যা করুন। এই মামলার বেশিরভাগই এখানকার সিবিআই আদালতে শুানি হচ্ছে। কীভাবে আপনারা নিজেদের হচ্ছে মতো অন্য কোনও আদালতে এই মামলার তদন্ত হবে না? যেতে চাইছেন? তাও আবার পাঁচশো সাক্ষীকে সঙ্গে করুন।” বিচারকের এমন ক্রন্দনটি থেকে হকচকিয়ে যান ইডির আইনজীবী থেকে শুরু করে সিবিআইয়ের তদন্তকারী অফিসারও। তবে এখানেই থেমে থাকেননি বিচারক। বিচারক রীতিমতো ভর্ৎসনা করে বলেন, “এভাবে বিচার হবে না। দ্রুত ট্রায়ালও সম্ভব হবে না। ইডি কি এভাবে স্বতঃপ্রস্ফোদিত হয়ে অন্য এজেন্সির মামলাকে অন্য কোনও আদালতে স্থানান্তরের জন্য আবেদন করতে পারে?” বিচারকের চোখা চোখা প্রশ্নগণে বিদ্ধ হয়ে আদালতের কাছে সময় চান ইডির আইনজীবী। পরিস্থিতি বেগতিক দেখে তিনি বিচারকের কাছে উপযুক্ত তথ্য নিয়ে আসার জন্য আরও কিছুটা সময় চেয়ে নেন। মামলার পরবর্তী শুানি আগামী ২ সেপ্টেম্বর।



দিনহাটায় রাষ্ট্রীয়তৃ ব্যাংকের সামনে বিক্ষোভ তৃণমূলের

দিনহাটা, ১৯ আগস্ট : কোচবিহারের দিনহাটার রাষ্ট্রীয়তৃ ব্যাংকের গোসানিমারি শাখার সামনে তৃণমূল কংগ্রেস ও যুব তৃণমূল কংগ্রেস অবস্থান বিক্ষোভে শামিল হয়।শনিবার অবস্থান বিক্ষোভে উপস্থিত রয়েছেন তৃণমূলের দিনহাটা ১ ব্লক সহ সভাপতি মিঠুন চক্রবর্তী, জেলা পরিদপ সদস্য শ্রাবনী ঝা, তৃণমূলের গোসানিমারি ১ অঞ্চল সভাপতি রাখাল চন্দ্র রায়, দিনহাটা ১ ব্লক তৃণমূল ছাত্র পরিষদের সহ সভাপতি দেবজি দে সরকার সহ অন্যান্যরা।অভিযোগ, ব্যাংক কর্তৃপক্ষ এলাকার সাধারণ কৃষক, ব্যবসায়ী থেকে ছাত্রদের বিভিন্ন প্রকল্পের খসেদের সুবিধা থেকে বঞ্চিত করছে। পাশাপাশি ব্যাংকে দালালচক্রের বাড়বাড়ন্তের জেরে সাধারণ গ্রাহকদের পরিষেবা থেকে দিনের পর দিন বঞ্চিত হচ্ছে। এই অবস্থান বিক্ষোভকে ঘিরে অশান্তি রূখতে ঘটনাস্থলে উপস্থিত রয়েছে দিনহাটা থানার পুলিশ। যদিও ব্যাংক কর্তৃপক্ষের দাবি, সরকারি নিয়ম মেনে স্বচ্ছভাবে ব্যাংকে ব্যবসায়ী কাজকর্ম পরিচালিত হচ্ছে।

মুক্ত চিন্তা!’ নিয়ে সওয়াল পুলিশকর্তা সুপ্রতীমের

কলকাতা, ১৯ আগস্ট : সিসিটিভি-র বিরোধী যাদবপুরে পড়ুয়ারের একাংশ ‘মুক্ত চিন্তা!’-র পক্ষে সওয়াল করায় মন্তব্য করলেন পুলিশকর্তা সুপ্রতীম সরকার-সহ অনেকে।সুপ্রতীমবাবু ফেসবুকে লিখেছেন, মুক্ত চিন্তা! মুক্ত ভাবনা! চিন্তা-ভাবনাই তো শিক্ষার আধার। ‘শিক্ষা’-র নমুনা তো দেখাই যাচ্ছে। প্রশিক্ষণ এক জিনিস, ‘শিক্ষা’ আরেক। দ্বিতীয়া ওখানে হয় না। জেনে নেওয়া ভাল। মেনে নেওয়া ভাল।প্রতিক্রিয়ায় অরিন্দম দীঘল লিখেছেন, ১০১ সম্মত আপনার সঙ্গে। একই সঙ্গে একটা ব্যাপার অবাক করছে, ওরা বুকছে বিশ্ববিদ্যালয় চত্বরে পুলিশ ঢুকতে পারবে না। তার মানে ওটা অন্য কোনও দেশ নাকি ? নাকি ওখানে অন্য শাসন ব্যবস্থা চলেছে ? এরপর তো প্রকাশ্যে খুন করলেও ওরা বলবে পুলিশ ঢুকতে পারবে না! আরজে রয় লিখেছেন, ওটা মনে হয় অন্য এক দেশ হয়ে গেছে। নিজস্ব আইন-কানুন, নিজস্ব নীতি -নিয়ম। অথচ সমাজ-সমতেনভাব নাহি নামে যা যা হয়, মাঝে মাঝে কাগজে আর সোয়াল মিডিয়ায় দেখা যায়--তা কীসের সচেতনতা বাড়ায়, আর এই সচেতন মানুষরা তারপর সমাজের কটটা উন্নতি করে, সেই হিসেব মেলাতে পারি না।মহুয়া সাঁতরা লিখেছেন, নিয়ম না মানার অন্যায়ে স্বপক্ষে কী সব ভুতুড়ে যুক্তি !! তাবা যার না। অধিপণ আচার্য্য লিখেছেন, একমত। যে মুক্তচিন্তা এই জঘন্য প্রথাকে প্রশ্নয় দেয়, এবং বছরের পর বছর ধরে দিয়ে এসেছে, এমন মুক্ত চিন্তা জঞ্জাল ছাড়া। আর কিছুই নয়।অরিজিট দত্ত লিখেছেন, সিসিটিভি বসানোর জন্যে নাকি একমত দরকার ছাত্রদের। এবার থেকে রাস্তা বাড়ী হোটেল বা অন্যত্র নজরদারির জন্য সিসিটিভি লাগানোর আগে চোর ডাকাতির সঙ্গে একমত হয়ে কাগজে লিখিত করে নিতে হবে দেখছি।জয়জি বিশ্বাস লিখেছেন, আসল শিক্ষা হলো মানুষ হওয়া যা এখন হয় না । পৃথিবী তা কেমন যেনো অমানুষিক হয়ে যাচ্ছে। অনির্বাস চন্দ লিখেছেন, রাজনৈতিক দাদাদের মুক্তাঙ্গনে ছাত্রা দাবার বোড়ো। আশা করব আইনরক্ষকেরা অন্তত একবার অন্য কারো নির্দেশ পালন না করে নিরপেক্ষ ভাবে কিছু করে দেখানো

উত্তর প্রদেশের রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ রজনীকান্তের

লখনউ, ১৯ আগস্ট : উত্তর প্রদেশের রাজ্যপাল আনন্দীবেন পাটেলের সঙ্গে সাক্ষাৎ করলেন তামিল সুপারস্টার রজনীকান্ত। শনিবার লখনউ-তে এসে উত্তর প্রদেশের রাজ্যপাল আনন্দীবেন পাটেলের সঙ্গে সাক্ষাৎ করেছেন তামিল সুপারস্টার রজনীকান্ত। বেশ কিছু সময় তাঁদের মধ্যে কথাও হয়েছে।রবিবার পর্যন্ত উত্তর প্রদেশেই থাকবেন রজনীকান্ত। রবিবার অযোধ্যায় যাওয়ার কথা রয়েছে তামিল সুপারস্টারের। রজনীকান্ত নিজেই জানিয়েছেন, হ্যাঁ, আগামীকাল যাওয়ার প্রোগ্রাম আছে। সাংবাদিকদের এই উত্তর দেওয়ার পর রাজভবনে গিয়ে রাজ্যপালের সঙ্গে সাক্ষাৎ করেন তিনি।এদিকে, শনিবার অযোধ্যায় রামজন্মভূমিতে ভগবান রাম লাল্লার পূজার্চনা করছেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। রাম মন্দির নির্মাণের কাজও খতিয়ে দেখেন তিনি। কথা বলছেন ইঞ্জিনিয়ার ও অন্যান্য কর্মীদের সঙ্গে।

পেনশনের টাকা নেই রেলের, হাত তুলে নিচ্ছেন অর্থমন্ত্রীও

নয়াদিল্লি,১৯ আগষ্ট : কেন্দ্রের অর্থনৈতিক পরিস্থিতি টালমাটাল। রেল সহ বহু মন্ত্রকেরই ভাড়ার কার্যত শূন্য। প্রকল্পের খরচ জোগানো দূরঅন্ত, পেনশনের টাকা পর্যন্ত নেই মন্ত্রকের কোষাগারে! এমনকী হাল ধরার জন্য অর্থমন্ত্রকের দ্বারস্থ হয়েও লাভ হচ্ছে না। সুত্রের খবর, কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন স্রেফ হাত তুলে নিচ্ছেন। অধিকাংশ ক্ষেত্রেই মন্ত্রকের উত্তর, ব্যবস্থা নিজেদেরই করে নিতে হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি স্বপ্ন দেখাচ্ছেন, তাঁর তিন নম্বর ইনিংসে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতির দেশ হবে ভারত। কিন্তু বাস্তব হল, অবসরপ্রাপ্ত কর্মীদের পেনশন দিতেই হিমশিম খাচ্ছে রেলমন্ত্রক। পরিস্থিতি এতটাই বেগতিক যে, অর্থমন্ত্রক

কোভিড-সংক্রমণ

নয়াদিল্লি, ১৯ আগস্ট : ভারতে করোনার দৈনিক সংক্রমণ ফের সামান্য বাড়ল, বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ৭২ জন। শুক্রবার সারাদিনে ভারতে করোনায় মৃত্যু হয়েছে একজনের। এই সময়ে সুস্থ

একবার ফিরিয়ে দেওয়া সম্ভ্বেও অস্থিী বৈধকের মন্ত্রক একই আর্জি নিয়ে দ্বারস্থ হচ্ছে নির্মলাদেবী। রেল সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সাম্প্রতিক রিপোর্টে পেনশনের বিষয়টি উল্লেখ করা হয়েছে। জবাবে কমিটিকে রেলমন্ত্রক জানিয়েছে, ‘ কমিটির সুপারিশ সত্ত্বেও রেলের পেনশন সংক্রান্ত দায়ভারের অন্তত কিছু অংশ বহন করতেও অর্থমন্ত্রক রাজি হয়নি। এরপরও সংসদীয় স্থায়ী কমিটির বর্তমান সুপারিশ মেনে আবার অর্থমন্ত্রকের কাছে এই মর্মে আর্জি জানানো হয়েছে।’ সংসদীয় কমিটি রেলের সুপারিশ করেছে, সমস্যার সুরাহায় অবিলম্বে বিষয়টি নিয়ে অর্থমন্ত্রকের সঙ্গে কথা বলতে হবে। ২০২২-২৩ অর্থবর্ষে গত জানুয়ারি পর্যন্ত রেলের পেনশন

বৃদ্ধি পেয়ে পৌঁছল ৭২-এ, ভারতে ২৪ ঘন্টায় সুস্থ ৬০ জন

হয়েছেন ৬০ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সংক্রিয় করোনা-রোগীর সংখ্যা এই মুহূর্তে ১,৪৫২ এবং মৃত্যুর সংখ্যা ৫,৩১,৯২৫।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ

থাতে খরচের পরিমাণ ৪৮ হাজার ১০৮ কোটি টাকা। যা বছর শেষে দাঁড়াবে ৫৬ হাজার কোটি টাকা। এক্ষেত্রে বাজেট বরাদ্দ অংশ সংশোধিত বাজেট বরাদ্দের মধ্যেও বিস্তর ফারাক রয়েছে। গত পাঁচ বছর ধরেই এমন পরিস্থিতি তৈরি হয়েছে। ২০২৩-২৪ অর্থবর্ষের বাজেট বরাদ্দে পেনশন খাতে খরচ ৬২ হাজার কোটি টাকা ধরেছে রেলমন্ত্রক। রাজস্ব আদায় থেকে পেনশন ফান্ডে ৭০ হাজার ৬১৬ কোটি টাকা ‘ রাখার পরিকল্পনা করা হয়েছে। কমিটিকে রেল জানিয়েছে, ‘ কেন্দ্রীয় কে কমিশনের সুপারিশ মানতে গিয়ে ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ অর্থবর্ষে স্ট্যাক-কন্সট ও পেনশন খরচ অত্যধিক বেড়েছে। সেই অনুপাতে রাজস্ব আদায় কিন্তু

থেকে জানানো হয়েছে, শনিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট ৬২,৮৪৪ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। টিকা প্রাপকের সংখ্যা বেড়ে ২২০,৬৭,৬০,৩৫৬-তে পৌঁছেছে।

হাওয়ায় লক্ষ্যে দ্রুত এগিয়ে চলেছে

প্রোডাক্ট’ প্রকল্পও চালু করেছে যা জেলার ব্র্যান্ডিং সহ শ্রমিক ও উদ্যোগীদের উপকার করবে। তিনি বলেন, ২০২৪ সালের ডিসেম্বরের মধ্যে প্রস্তাবিত অমৃত ভারত স্টেশনের মাধ্যমে রেল যাত্রীদের উন্নত পরিষেবা ও সুযোগ-সুবিধা দেওয়ার পাশাপাশি রেল স্টেশনগুলিকে উন্নতমানের ও অত্যাধুনিক করে গড়ে তোলা হবে।প্রসঙ্গক্রমে প্রধানমন্ত্রী মোদী বলেন, নেতিবাচক রাজনীতির উর্ধ্বে ওঠে আমরা উন্নয়নকে প্রাধান্য দিয়ে, ইতিবাচক রাজনীতির পথে এগোচ্ছি। বলেন, ‘ ছাড়ো আন্দোলনে অনুপ্রাণিত হ্যাঁ গোটা দেশ এখন বলছে দুর্নীতি, পরিবারহানাদ, তুষ্টিকরণকে ভারত ছাড়তে হবে।’অসমে ‘ ভারত স্টেশন’ প্রকল্পের অধীনে আজকের

বাড়েনি।’আর শুধুই তো রেল নয়! বহু মন্ত্রকেরই কোষাগারে টান পাচ্ছে। সেইমতো কাটিছাঁট করা হচ্ছে প্রকল্পে। যেমন ১০০ দিনের কাজে ২০২৩-২৪ অর্থবর্ষের বাজেট বরাদ্দ কমে হয়েছে ৬০ হাজার কোটি টাকা। গ্রামোন্নয়ন মন্ত্রকের বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্পে ২০২৩-২৪ সালের বরাদ্দ কমে হয়েছে ১ লক্ষ ৫৭ হাজার ২৫২ কোটি কমেছে ভাবা আটমিক রিসার্চ সেন্টারের বরাদ্দও। তারপরও অবশ্য মোদি সরকার প্রচারে বরাদ্দ বাড়িয়ে চলেছে। ১০০ দিনের কাজের উপর দাঁড়িয়ে রয়েছে গ্রামীণ অর্থনীতি। সেই খাতে নজর নেই কেন্দ্রের। মূল্যবৃদ্ধিও লাগামছাড়া। সুত্রের খবর, প্রায় ১ লক্ষ কোটি টাকা ভর্তুকি দিয়ে মূল্যবৃদ্ধিতে রশ টানা হবো। কিন্তু কবে? ভোটার আগে? ততদিন অর্থমন্ত্রক

(আইসিএমআর) জানিয়েছে, ১৮ আগস্ট সারা দিনে ভারতে ৬২,৮৪৪ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। টিকা প্রাপকের সংখ্যা বেড়ে ২২০,৬৭,৬০,৩৫৬-তে পৌঁছেছে।

নিরাপদ, বিশ্বস্ত ও স্থিতিস্থাপক ডিজিটাল অর্থনীতির জন্য জি-২০-র নীতিগুলির উপর ঐকমত্য গড়ে তোলা গুরুত্বপূর্ণ:প্রধানমন্ত্রী



নয়াদিল্লি, ১৯ আগস্ট : নিরাপদ, বিশ্বস্ত ও স্থিতিস্থাপক ডিজিটাল অর্থনীতির জন্য জি-২০-র উচ্চ স্তরের নীতিগুলির উপর ঐকমত্য গড়ে তোলা অতীব গুরুত্বপূর্ণ। বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রীর কথায়, প্রযুক্তি এখন আমাদের যেভাবে সংযুক্ত, তা আগে কখনও হয়নি। শনিবার সকালে ডিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে বৈদ্যলুরুতে আয়োজিত জি-২০ ডিজিটাল অর্থনীতি মন্ত্রী পর্যায়ের ঠেঁক অংশ নেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।এই সম্মেলনে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, জি-২০-তে আমাদের একটি অন্তর্ভুক্তিমূলক, সমৃদ্ধ এবং নিরাপদ বৈশ্বিক ডিজিটাল ভবিষ্যতের ভিত্তি স্থাপনের একটি অনন্য সুযোগ রয়েছে। ডিজিটাল পাবলিক অবকাঠামোর মাধ্যমে আমরা আর্থিক অন্তর্ভুক্তি এবং উৎপাদনশীলতাকে এগিয়ে নিতে পারি। প্রধানমন্ত্রীর কথায়, ডিজিটাল দক্ষতার ওপর একটি ডি্জিয়াল সেন্টার অফ এক্সিলেন্স স্থাপনের জন্য একটি রোডম্যাপ তৈরিতে আমি আপনাদের প্রচেষ্টাকে স্বাগত জানাই। এগুলি আমাদের কর্মক্ষম্তির চাহিদা পূরণের জন্য গুরুত্বপূর্ণ প্রচেষ্টা যা ভবিষ্যতের জন্য প্রস্তুত।

কংগ্রেস আমেটিকে ব্যক্তিগত সম্পত্তি মনে করে, মানুষ তাঁদের ক্ষমা করবে নাঃনকভি



নয়াদিল্লি, ১৯ আগস্ট : আমেটি থেকেই লবেন রাহুল গান্ধী। কংগ্রেসের পক্ষ থেকে এই ঘোষণার পরই হাত শিরিরের বিরুদ্ধে তোপ দাগল বিজেপি। বিজেপি নেতা মুক্তার আবাস নকভি বলেছেন, কংগ্রেস আমেটিকে নিজেদের ব্যক্তিগত সম্পত্তি মনে করে, কিন্তু মানুষ তাঁদের ক্ষমা করবে না।শনিবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুক্তার আবাস নকভি বলেছেন, কংগ্রেস আমেটি নির্বাচনী এলাকাকে নিজেদের পরিবারের ব্যক্তিগত সম্পত্তি হিসাবে মনে করে এবং জনগণকে চুষিংগামের মতো চিবিয়ে চলেছে। কিন্তু, এখন মানুষ তাদের ক্ষমা করবে না।সম্প্রত, শুক্রবার উত্তর প্রদেশের কংগ্রেস সম্মতি ইরানিকেও কটাক্ষ করেন তিনি। আমেটিতে রাহুল জয়ী হবেন বলেই আত্মবিশ্বাসী হাত শিবিরা। শনিবার কংগ্রেস নেতা রশিদ আলভী বলেছেন, যদি রাহুল গান্ধী আমেটি থেকে প্রতিদ্বন্দ্বিতা করেন তাহলে সম্মতি ইরানির জমানাত জঙ্গ হবে। তিনি আমেটি ছেড়ে যেতে পারেন, কিন্তু আমি বিজেপিকে অনুরোধ করি, তাকে পালাতে দেবেন না... প্রিয়ান্কা গান্ধী যদি বারাগসী থেকে প্রতিদ্বন্দ্বিতাকরেন, প্রধানমন্ত্রী মোদী ফিরে যাবেন গুজরাত এবং তিনি বারাগসী থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন না।

বিপদ বাড়বে রাশিয়ার ! ইউক্রেনের হাতে আসছে এফ-১৬ যুদ্ধবিমান



কিয়েভ, ১৯ আগস্ট : অবশেষে ইউক্রেনের হাতে আসছে এফ-১৬ যুদ্ধবিমান। ইউক্রেনীয় পাইলটদের প্রশিক্ষণ শেষ হওয়ার পরেই ডেনমার্ক ও নেদারল্যান্ডস থেকে এই অত্যাধুনিক যুদ্ধবিমান পাবে কিয়েভ। শুক্রবার এমনটাই জানিয়েছে মার্কিন বিদেশ দফতর। যুদ্ধবিমান এফ-১৬ ইউক্রেনের হাতে এলে রাশিয়ার বিপদ যে বেড়ে যাবে তা আর বলায় অপেক্ষা রাখে না। রাশিয়ার সঙ্গে দেড় বছর ধরে চলা যুদ্ধে লাগাতার ড্রোন হানার মুখে পড়তে হচ্ছে ইউক্রেনকে। আগ্রাসী হয়েছে রুশ বিমানবাহিনীও। তাই দেশের তৈরিকৃত সুরক্ষিত করতে এবং পালট মা মা দিতে দীর্ঘদিন ধরেই আমেরিকার ঠাকুর এফ-১৬ ফাইটার জেট হাতে পেতে মরিয়া চেষ্টা চালাচ্ছিল ইউক্রেন। অবশেষে তা ফলপ্রসূ হয়েছে। পাইলটদের প্রশিক্ষণ শেষ হওয়ার পরই ডেনমার্ক ও নেদারল্যান্ডস থেকে এই অত্যাধুনিক যুদ্ধবিমান পাবে ইউক্রেন। এর ফলে যুদ্ধে রাশিয়ার উপর চাপ অনেকটাই বাড়তে চলেছে বলে মনে করছেন বিশ্লেষকরা।উল্লেখ্য, ২০২২ সালের ফেব্রুয়ারিতে রুশ হামলার সময় ইউক্রেনের হাতে প্রায় ১২০টি যুদ্ধবিমান ছিল। মূলত, সোভিয়েত জমানার মিগ-২৯ এবং সুখেই-২৭ জেটগুলিই তরসা জ্বলেনস্কে বাহিনীর। কিন্তু বিশেষজ্ঞদের মতে, রুশ বিমানহানাহীনিকে টক্কর দিতে হলে অন্তত ২০০টি যুদ্ধবিমান দরকার। সেই কারণেই দেশটি বহুদিন ধরেই পশ্চিমের মিত্রদের কাছে এফ-১৬ যুদ্ধবিমান চাইছিল।

বর্ষার বৃষ্টির আতঙ্ক পঞ্জাবে জলের তলায় আরও ৮৯টি গ্রাম, ক্ষয়ক্ষতি প্রচুর

চণ্ডীগড়, ১৯ আগস্ট : প্রবল বর্ষার বৃষ্টিতে দিশেহারা অবস্থা পঞ্জাবে। পঞ্জাবের আরও ৮৯টি গ্রাম চলে গেল জলের তলায়। ফাজিলকা, তরন তারন, ফিরোজপুর সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত। ৮৯টি গ্রামের ২২,৪৫৫ জন মানুষজনকে নিরাপদ স্থানে নিয়ে যাওয়া হয়েছে।রাজ্যের পর্যন্ত ১৩০টি গ্রামের প্রায় ৪০ হাজার মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে,করাে এখনও পর্যন্ত ২১৯টি গ্রামের ৬০ হাজারের বেশি মানুষ বন্যার জলে আক্রান্ত হয়েছে। যদিও, যদিও পঞ্জাব গত তিন দিনে নগণ্য বৃষ্টিপাতের সাক্ষী হয়েছে, হিমাচলের বৃষ্টিতেই এই ভয়াবহ পরিস্থিতি পঞ্জাবে।

পূর্ণাঙ্গ পঞ্জিকা
কলকাতা, ২০ আগষ্টঃরবিবার, ২ভাদ্র মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ২০আগষ্ট ২০২৩, ৫৩৬ চৈতনাদ, কলিঃ৫১২৩, সৌরঃ ২ ভাদ্র মাস, চান্দ্র ৭ মধুসূদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৫৬ বৃদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ২ ভাদ্র মাস ১৪৩০, ভারতীয় সিডিঃ২ ভাদ্র মাস ১৯৪৪, মৈতেঃ১৪ শ্রব্র, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপূর্ণাপূজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অন্তঃবিকাল ০ঃ৫১ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অন্তঃরাত্রি ১২ঃ১ঃ৬০(৮)।শুক্র পক্ষ /তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৬৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবজ্রি রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বহিঃসৌর্য ভিত্তিগেও অমৃতযোগঃদিন ০৫ঃ২ঃ৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫ঃ৪ঃ০২ থেকে - ১০ঃ২ঃ৩ঃ৩০ পর্যন্ত, তারপর ১২ঃ ৫ঃ৩ঃ০৪ থেকে - ০২ঃ৩ঃ২ঃ৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫ঃ২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২ঃ৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫ঃ৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০ঃ৩ঃ৬ঃ০২ থেকে - ০৬ঃ২ঃ০ঃ৩০ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩ঃ১ ২৫ থেকে - ১০ঃ০ঃ৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০ঃ৪ঃ৫২ থেকে - ১১ঃ৩ঃ৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪ঃ৫১২ থেকে - ১০ঃ১ঃ৪ঃ৫ পর্যন্ত।গ্রহস্ফুট (সূর্য) উদয় কালীনীঃরবিঃ১১ঃ২ঃ৪ঃ ৬১৯ (২৭) ৩ পদবৃক্ষঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৬৩৯ (২৬) ২ পদবৃঃ ০২২২৫ (১) ১ পদবৃক্ষপতিঃ ১০২৯৪২২৬ (২৫) ১ পদশুক্রঃ ১০৮১৭৫৩ (২৪) ১ পদশুক্রঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া
বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ২৯.৩ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৪.০২ ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯৬শতকরা এবং ৬৪শতকরা। বৃষ্টি হয়েছে শনিবার। জোয়ার-সকাল ৮টা ২০ মিনিট এবং রাত৮টা ২০মিনিট হবে। ডাটা-সকাল-৮টা ২০মিনিট। রাত-৮টা ২০ মিনিট। সূর্য উদয় আত্মঃ ৫ টি ১৬মিনিট এবং সূর্য অস্ত্য যাবে ৬ টি ১২ মিনিটে।

রাশিফল
মেঘরাশিঃ অপ্রয়োজনীয় ব্যাপারে তর্ক করে সম্মত নষ্ট করবেন না। মনে রাখবেন তর্কে পাওয়ার কিছু নেই বরং কেবল হারাবার আছে।
বৃষভ রাশিঃ অনাকাঙ্ক্ষিত গুলিগুলি আপনাদের মন দখল করে রাখতে পারে। স্তব্ধদিন।
মিথুন রাশিঃ দি সম্ভব হয় তাহলে দীর্ঘ ভ্রমণ এড়িয়ে চলুন কারণ আপনি খুবই দুর্বল এবং এটি আপনাকে আরো দুর্বল করে হবে।
কর্কট রাশিঃ বহিরাঙ্গণ খেলাধুলা আপনাকে আকর্ষণ করবে- ধ্যান এবং যোগ লাভজনক হবে।
সিংহ রাশিঃ আজ কল্যাণকর দিন এবং আপনি হয়তো একটি দীর্ঘমেয়াদী অসুস্থতা থেকে মুক্তি পেতে পারেন। স্তব্ধদিন হবে ।
কন্যা রাশিঃ আপনার আবেগকে নিয়ন্ত্রণ করা কঠিন হতে পারে- আপনার অস্বাভাবিক আচরণে আপনার চারপাশের মানুষেরা বিভ্রান্ত হবে এবং আপনাকে হতাশগ্রস্ত অবস্থায় ছেড়ে চলে যাবে। আজ আপনি সহজেই মূল্যবন- অনাদায়ী ঋণ জোগাড় করতে পারবেন- বা নতুন প্রকল্পে তুলা রাশিঃ আজ আপনার সহায়তা নিয়ে চিন্তা করার কোন প্রয়োজন নেই।আপনার চারপাশে থাকা মানুষজন আপনার মনোবল এবং উদ্ভাবনা জাগিয়ে তুলবে।
বৃশ্চিক রাশিঃ কেউ আপনার মেজাজ বিপর্যস্ত করতে পারে কিন্তু এই বিরক্তিকর স্নায়ুবেকলা আপনার প্রতিরোধ ক্ষমতা এবং চিন্তাশক্তিকে দুর্বল করবে পারে।
মীন রাশিঃ নিজেদের সুস্থ এবং সু গুরু রাখতে উচ্চ কালোরির খাবার এড়িয়ে চলুন। আর্থিক দিকে উন্নতি নিশ্চিত। পরিবারের সদস্যদের হাসিখুশি প্রকৃতি ঘরেন।

টেবিল টেনিস চ্যাম্পিয়নশিপে স্বর্ণপদক জিতেছে দুই মেট্রো স্টাফ



দূরন্ত বার্তা, কলকাতা, ১৯ আগস্ট : মেট্রো রেলওয়ের মহিলা টেবিল-টেনিস খেলোয়াড়া সমস্ত মেট্রোমেনে এবং ভারতীয় রেলের ব্রাডব্লকে আবার গর্বিত করেছে! বিশাখাপত্তনমে অনুষ্ঠিত ৫০ তম অল ইন্ডিয়া ইন্টার-ইনস্টিটিউশনাল টেবিল টেনিস চ্যাম্পিয়নশিপে মৌমিতা দত্ত এবং পয়মন্তী বৈশ্য সহ ০৫ (পাঁচ) সদস্য নিয়ে গঠিত ভারতীয় রেলের দল, দুই মেট্রো কন্বী স্বর্ণপদক জিতেছে। এই চ্যাম্পিয়নশিপটি সেখানে ১৬ থেকে ২২ আগস্ট ২০২৩ পর্যন্ত খেলা হচ্ছে যাতে ১৩টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। দলগত ইভেন্টের ফহিনালে, ভারতীয় রেলওয়ে ইভস ৬-০ ব্যবধানে রিজার্ভ ম্যান্ড অফ ইন্ডিয়াকে পরাজিত করে। শ্রী পি উদয় কুমার রেড্ডি, জেনারেল ব্যাসেনজার, মেট্রো রেলওয়ে এই টুর্নামেন্টে তাদের দুর্দান্ত পারফরম্যান্সের জন্য উভয় খেলোয়াড়কে অভিনন্দ জানিয়েছেন।

হাওড়া স্টেশন থেকে নগদে উদ্ধার প্রায় ৩৮ লক্ষ টাকা

দূরন্ত বার্তা, হাওড়া, ১৯ আগস্ট : এবার হাওড়া স্টেশন থেকে নগদে উদ্ধার প্রায় ৩৮ লক্ষ টাকা। এই টাকার কোনও সহায়ক নথি দেখাতে না পারায় ধৃত এক ব্যক্তি। এই হিসাবরিহীন লক্ষ লক্ষ টাকা উদ্ধার হয়েছে রেলের অপারেশন সতর্ক নামের এক অভিযানে। ওই অপারেশন চলাকালীন সম্প্রতি রেল পুলিশ উদ্ধার করে ওই বিপুল পরিমাণ নগদ টাকা। এই টাকা বহন করার অভিযোগে মণীশ শেঠ নামের এক ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে। ধৃতের কাছ থেকে উদ্ধার হয়েছে নগদে প্রায় ৩৮ লক্ষ টাকা। হাওা স্টেশনে রেলের ওই অপারেশন সতর্ক এর অংশ হিসেবে রেল সুরক্ষা বাহিনী টহলদারি চালানোর সময় হাওড়া স্টেশনের ৮নং প্ল্যাটফর্মে ওই ব্যক্তিকে দেখে সন্দেহ হয়। তখনই রেল সুরক্ষা বাহিনী মণীশ নামের ওই ব্যক্তিকে আটক করে জিজ্ঞাসাবাদ শুরু করে। তার কথায় বিস্তর অসঙ্গতি থাকায় সঙ্গে থাকা ব্যাগ পরীক্ষা করে ব্যাগে এই বিপুল পরিমাণ টাকা উদ্ধার করা হয়। আটক ব্যক্তি এত বিপুল পরিমাণ নগদ টাকার স্বপক্ষে কোনও সদুত্তর দিতে পারেননি। পাশাপাশি এই টাকার কোনও সহায়ক নথি দেখাতে পারেননি। এরপর মণীশকে গ্রেফতার করে ধৃতকে হাওড়া জিআরপির কাছে হস্তান্তর করা হয়।

দেওয়ালে চিত্র অংকনের মধ্যে দিয়ে ডেঙ্গু সচেতনতা মূলক প্রচার

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,জয়নগর, ১৯ আগস্ট : দেওয়াল লিখনের মধ্যে দিয়ে ডেঙ্গু সচেতনতা মূলক প্রচারে নামলো জয়নগর মজিলপুর পৌরসভা। সাধারণত বেশির ভাগ জায়গায় ডেঙ্গু নিয়ে সাধারণ মানুষকে সচেতন করতে দেখা গিয়েছে কোথাও ফ্রেস পোস্টার আবার কোথাও র‍্যালির মাধ্যমোভাবে এবার জয়নগর মজিলপুর পৌরসভার উদ্যোগে পৌরবাসীদের ডেঙ্গু সচেতন করতে এক অভিনব উদ্যোগ নেওয়া হল।জয়নগর মজিলপুর পৌরসভার উদ্যোগে সৌর এলাকায় যে সমস্ত ফাঁকা দেওয়াল আছে সেখানে চিত্র অংকনের মাধ্যমে মানুষকে সচেতন করছে পৌরবোর্ড। ডেঙ্গুকে মোকাবিলা করতে গেলে কি কি করতে হবে সে বিষয়ের উপরে বিশেষ নজর দেওয়া হয়েছে এই দেওয়াল লিখনোচিত্র অংকনের মাধ্যমে বোঝানো হয়েছে জমে থাকা জল ডিম পাড়ে মশাআবার কোথাও আঁকা হয়েছে ফুটপাথে বা বিভিন্ন জমা জল পরিস্কার করতে হবে। বিভিন্ন দেওয়ালে ছবি একে এই ধরনের সচেতনতামূলক বার্তা তুলে ধরা হয়েছে পৌর এলাকার বিভিন্ন এয়াটে । আমরা জানি সাধারণত প্রতিবছর বর্ষাকালে রাজ্যে ডেঙ্গুর প্রকোপ বেড়ে চলে। ডেঙ্গুতে আক্রান্ত হয়ে বহু মানুষ মারা ও যায়।আর তাই ডেঙ্গুর হাত থেকে পৌরবাসী কে সচেতন করতে জয়নগর মজিলপুর পৌরসভা এলাকায় দেওয়াল লিখন করা হলো।এ বিষয়ে জয়নগর মজিলপুর পৌরসভার ভাইস চেয়ারম্যান রহিম হাশিম বলেন, ফ্রেস পোস্টার বডে বা হাওযাতে নষ্ট হয়ে যেতে পারে। তাই পৌরবাসীকে কথা মাথায় রেখে ডেঙ্গুর বিষয়ে সচেতন করতে দেয়ালের ছবির মাধ্যমে তুলে ধরা হলো। এছাড়া পৌরসভার উদ্যোগে ডেঙ্গু মোকাবিলায় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।-

বৃষ্টি থামতেই দক্ষিণবঙ্গে অস্বস্তি চড়ছে পারদও,উত্তরে বর্ষণের সতর্কতা

দূরন্ত বার্তা, কলকাতা, ১৯ আগস্ট : দক্ষিণবঙ্গে আবারও থেমে গিয়েছে বৃষ্টি, আগামী ২১ আগস্ট পর্যন্ত বৃষ্টি দক্ষিণবঙ্গের জন্য কমই থাকবে। ২২ আগস্ট থেকে আবার বৃষ্টি বাড়বে। একটু বেশি বাড়বে ২৩ এবং ২৪ আগস্ট নাগাদ। আপাতত তাপমাত্রা কোনও পরিবর্তন নেই দক্ষিণবঙ্গের জন্য। ফলে দিনের বেলায় আর্দ্রতাজনিত অস্বস্তিকর গরম অনুভব হবে। কলকাতার ক্ষেত্রেও বৃষ্টি কমে যাবে, আবার ২২ আগস্ট থেকে বৃষ্টি বাড়বে দক্ষিণবঙ্গের জন্য। কলকাতার ক্ষেত্রে আগামী সপ্তাহের বৃ্ধ অথবা বৃহস্পতিবার নাগাদ বৃষ্টিপাতের পরিমাণ বাড়তে পারে। শনিবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি বেশি। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, ২১ থেকে ২৬ আগস্ট পর্যন্ত এই সময়টা উত্তরবঙ্গে বেশি বৃষ্টির সম্ভাবনা থাকছে। উত্তরবঙ্গের সর্বত্র হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত ও সঙ্গে ভারী বৃষ্টির সম্ভাবনা এবং দূ-এক জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা থাকছে। মূলত ওপরের যে পাঁচটি জেলা দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার এবং আলিপুরদুয়ার এইসব জেলাতে ভারী থেকে অতি ভারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে।



লেভুড মঠ ঘুরে গেলেন রাজ্যের সমবায় মন্ত্রী অরুণ রায়। শনিবার সকালে তিনি প্রায় ঘণ্টা দেড়েক সেখানে ছিলেন। রামকৃষ্ণ মঠ ও মিশনের সাধারণ সম্পাদক স্বামী সুবীরানন্দ মহারাজের সঙ্গে সাক্ষাতের পাশাপাশি এদিন তিনি মঠে রামকৃষ্ণদেবের মন্দির, স্বামীজির মন্দির, সারাদা মায়ের মন্দির সহ অন্যান্য মন্দিরে প্রণাম নিবেদন করেন।

পর্যটনের প্রচার ও প্রসারে বিশেষ প্যাকেজ চালু করার সিদ্ধান্ত নিয়েছে

দূরন্ত বার্ত, কলকাতা, ১৯ আগস্ট : রাজ্যের জেলা ভিত্তিক পর্যটনের প্রচার ও প্রসারে রাজ্য সরকার উৎসবের মরশুমের আগে বিশেষ প্যাকেজ চালু করার সিদ্ধান্ত নিয়েছে। জেলাভিত্তিক পর্যটন প্যাকেজ তৈরি করতে কোন জেলায় কী কী দর্শনীয় স্থান রয়েছে, তার বৈশিষ্ট্য সহ যাবতীয় খুঁটিনাটি বিবরণ সহ প্রতিবেক জেলাকে তা পরটন দফতরের কাছে আগামী সপ্তাহের মধ্যে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। প্রত্যেক জেলাকে এখনকের পাঁচটি করে প্যাকেজ তৈরি করতে বলা হয়েছে বলে পরটন দফতর সহজে জানা গেছে। জেলা প্রতি পাঁচটি করে এমন টুর প্যাকেজ তৈরি করতে বলা হয়েছে। টুর প্যাকেজগুলি ভালো করে প্রস্তুত করে সেগুলি সোশাল মিডিয়া, ওয়েবসাইট ও বিভিন্ন পর্যটন মেলায় প্রচার করবে সরকার।

বিশ্বাসঘাতক! আর কাউকে কাঁদালে কড়া পদক্ষেপ নেব’ বললেন অন্ধুশ

দূরন্ত বার্তা, কলকাতা, ১৯ আগস্ট : টলিপাড়ার অন্দরে মাসখানেক ধরেই গুঞ্জন, অন্ধুশ প্রযোজিত প্রথম ছবির কাজ নাকি বিশ বাঁও জলে! জল্পনা-কল্পনার অন্ত নেই। অনেকেই টলিউড তারকাকে তুল বুঝে ইন্ডাস্ট্রির অন্দরে নিন্দে, কটুটি করছেন। কারণ আটক রয়েছে মির্জা’র মুক্তি। সম্প্রতি সহ-প্রযোজকের সঙ্গে মতপার্থক্যের জেরে মির্জা’ সিনেমার মুক্তি সাময়িকভাবে পিছিয়ে দেওয়ার কথা জানিয়েছিলেন অন্ধুশ। পরে সিদ্ধান্ত নেন একটি প্রযোজনা করবেন। অফিশিয়ালি সেকথা জানিয়েও দেন অভিনেতা তখন। এবার অঘাচিত সমালোচনায় পড়ে সতিটা জানতে বাধ্য হলেন অভিনেতা-প্রযোজক অন্ধুশ। গতবছরই অন্ধুশ হাজরা মেশান পিকচারস খুলে ১৫ আগস্ট মির্জা’র ঘোষণা করেছিলেন। সেই ছবির সহ প্রযোজক ছিলেন রক্তিম চট্টোপাধ্যায়। এবার তাঁর বিরুদ্ধেই বিস্ফোরক মন্তব্য অন্ধুশের। নাম না করেই সহ প্রযোজকের বিরুদ্ধে খুঁশিয়ারি দাগলেন অন্ধুশ। অভিনেতা বলছেন, আমি কিছু কিছু মানুষের কাছে ক্ষমা চেয়ে নিছি। কারণ আমি মনে করি তাদের চোষের জল পড়ার কারণ কিছুটা আমিও। আমি এবং আমার প্রযোজনা সংস্থা যে মানুষটির সঙ্গে যুক্ত হয়েছিল, সহ প্রযোজক হিসেবে

তার ব্যাকগ্রাউন্ড তার মানসিকতা, তার উদ্দেশ্য সঠিকভাবে না জেনেই তাকে সেই জায়গা দিয়ে ফেলেছিলাম যার সে বিদ্যুদ্রাৎ যোগ্যতা রাখে না। এরপরই টলিউড অভিনেতা অন্ধুশের সংযোজন, আজ সেই কারণে অনেক নতুন ছেলেমেয়েরা তাকে বিশ্বাস করে নিজের চোষের জল ফেলছে। আমি নিজে ছোট্ট একটি জায়গা থেকে বড় স্বপ্ন নিয়ে এসেছিলাম নায়ক হব বলে। পরিবারের যেখানে কেউই এই ইন্ডাস্ট্রির সঙ্গে যুক্ত না। সফর বেশ কঠিন ছিল। তাই এই স্বপ্নের দাম আমি বুঝি। আর সেই স্বপ্ন নিয়ে খেলা করার অধিকার কারোর নেই। আমি সিদ্ধান্ত নিয়েছি এরপর আর কারোর স্বপ্ন নিয়ে যদি সে ছেলেখেলা করে আমি কড়া পদক্ষেপ নেব, তার বিরুদ্ধে। প্রসঙ্গত, রক্তিম চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে এর আগেও ইন্ডাস্ট্রির অঙ্গদেরে অনেকে অভিযোগ তুলেছেন। নামপ্রকাশে অনিচ্ছুক এক ব্যক্তির মন্তব্য, তাঁর বিরুদ্ধে জালিয়াতির অভিযোগও রয়েছে। যদিও রক্তিম দিন কয়েক আগেই সোশ্যাল মিডিয়ায় পোস্ট করে জানিয়েছিলেন, আমার চূপ খাবাটা দুর্বলতা নয়। তবে দুই প্রযোজকের বিবাদের জেরে যে মির্জা’র মুক্তি বিশ বাঁও জলে, তা বেশ বোঝা যাচ্ছে।

ত্রিপল টাঙিয়ে অঙ্গনওয়াড়ির খুদেদের পড়াশোনা চলছে হুগলির গোঘাট-১ ব্লকে

বনস্পতি দে, গোঘাট,১৯ আগস্ট : হাদ না থাকায় এই বৃষ্টির মধ্যে ত্রিপল টাঙিয়ে পড়াশোনা চলছে অঙ্গনওয়াড়ির খুদেদের। হুগলির গোঘাট-১ ব্লকের বিজলকোনা এলাকার ঘটনা। গ্রামবাসীদের দাবি, এটা এখনকার ঘটনা নয়। দীর্ঘ কয়েক বছর ধরে এভাবেই পড়াশোনা হচ্ছে এই অঙ্গনওয়াড়ি কেন্দ্রে। জানা গিয়েছে, পর্যাণ্ড জায়গার অভাবে হুগলির এই অঙ্গনওয়াড়ি কেন্দ্রের পড়াশোনা ও রান্না এলাকার প্রাথমিক বিদ্যালয়ে হয়। কিন্তু বর্ষাকালে চরম সময়ায় পড়ে ছোট ছোট পড়ুয়া থেকে শুরু করে শিক্ষাকর্মী, রান্নার দিদি সকলেই। বৃষ্টি হলেই ভাঙা আসবেস্টারের ছাদ থেকে বার বার করে জল পড়ে। বাধ্য হয়ে ত্রিপল টাঙিয়ে চলে পড়াশোনা ও রান্নার কাজ। গোটা ঘটনায় ক্ষুব্ধ গ্রামের

মানুষ। এই বিষয়ে অঙ্গনওয়াডি কেন্দ্রের সহায়িকা জানান, প্রচন্ড কারণে বর্ষাকালে রোজ ছেলেমেয়েদের অঙ্গনওয়াডি কেন্দ্রে পাঠাতে চান না



কষ্টের মধ্যে দিয়েই চলে এই সেন্টার। একটি ত্রিপল এবং ভাঙা আসবেস্টারের ছাদ থাকলেও খোলা আকাশের নিচে ছোট ছোট ছেলেমেয়েদের পড়াশোনা চলে। এই

জবার ভিডিও ফাঁস! ভিডিও নিয়ে প্রথমবার মুখ খুললেন অভিনেত্রী পল্লবী

দূরন্ত বার্তা, কলকাতা, ১৯ আগস্ট : বাংলা টেলিভিশনের অন্যতম জনপ্রিয় নায়িকা হলেন পল্লবী শর্মা। স্টার জলসার অন্যতম চর্চিত সিরিয়াল কে আপন কে পর’র হাত ধরে পেয়েছিলেন কাঙ্খিত সাফল্য। বর্তমানে অভিনেত্রীকে দেখা যাচ্ছে জি বাংলার নিম ফুলের মধু’ সিরিয়ালে। জবার মত পর্গা হয়েও সবার প্রশংসা কুড়োচ্ছেন তিনি।এর আগে বাড়ির পরিচায়িকা থেকে জবার জা হয়ে ওঠার গল্প বেশ ভালোই উপভোগ করেছে সবাই। টানা ৪ বছর ধরে রাজত্ব করেছে সিরিয়ালটি। এবং তারপর পুরো দুটো বছর অভিনেত্রী নিজেকে সময় দিয়েছেন। অভিনয়ে নিজেকে আরো পোক্তা করেছেন। আর তারপর কামব্যাক প্রোজেক্টেও সমান সফল তিনি।এবার সতিই জবার ইমেজ ভেঙে পর্গা হয়ে উঠতে পেরেছেন তিনি। আর তারই মধ্যে নতুন বিতর্কে জড়িয়ে পড়লেন পল্লবী শর্মা। সম্প্রতি ফেসবুকের পাতায় একটি নতুন ভিডিও যোরাফেরা করছে। যার ক্যাপশনে লেখা রয়েছে জবার নগ্ন ভিডিয়ো ফাঁস!’ আর সম্প্রতি সেই নিয়েই মুখ খুললেন অভিনেত্রী। পল্লবী জানিয়েছেন, সোশাল মিডিয়া প্ল্যাটফর্মে সঞ্চার মান তিনি। তাই সোশ্যাল মিডিয়াতে কখন কী ঘটছে সেটা সবসময় তার নজরে আসেনা। অবাক সুরে তার জবার, আমি যে বিষয়টি জানি না, সেটা নিয়ে কী প্রতিক্রিয়া দেব?’ তিনি জানিয়েছেন এসব নিয়ে তিনি মোটেও ভাবিত নন। পল্লবীর কথায়, মানুষ আমাকে নিয়ে চর্চা করতে ভালোবাসে। সেটা কখনও পজিটিভ। কখনও নেগেটিভ। সেটা নিয়ে বেশি ভাবি না।’ এখন প্রশ্ন হল, কী রয়েছে জবার এই ভিডিওতে?

আত্মীয়ের মৃত্যুর খবরে যাবার সময় পথ দুর্ঘটনায় মৃত এক ব্যক্তি

দূরন্ত বার্তা, হাওড়া, ১৯ আগস্ট : আত্মীয়ের মৃত্যুর খবর পেয়ে সেখানে যাবার সময় পথ দুর্ঘটনায় মৃত্যু হলো এক ব্যক্তির। হাওড়ার এই ঘটনায় দুই পরিবারেই নেমে এসেছে শোকের ছায়া। ঘটনাটি ঘটেছে হাওার নাজিরগঞ্জ তদন্ত কেন্দ্র এলাকার আব্দুল রোডের কাছে মৌরীতে। ঘটনাটি ঘটেছে শনিবার দুপুর দুটো নাগাদ। জানা গিয়েছে, এক নিকট আত্মীয়ের মৃত্যুর খবর পেয়ে হাওয়ার শিবপুরের দিকে সড়িকেল করে যাচ্ছিলেন প্রদীপ শীল। সেই সময় আব্দুল রোডে একটি দশচাকা লরি তাঁকে ধাক্কা মারে। প্রদীপাবুকে হাওা জেলা হাসপাতালে নিয়ে এলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। মৃতদেহ ময়নাতত্ত্বের জন্য পাঠানো হয়েছে। ঘাতক লরিটিকে আটক করেছে পুলিশ। দুর্ঘটনার কারণ খতিয়ে দেখছে পুলিশ।

পাকিস্তানে সংখ্যালঘু নির্যাতন ভাঙল ৮৭টি বাড়ি

ইসলামাবাদ, ১৯ আগস্ট : পাকিস্তানে অব্যহত সংখ্যালঘু নির্যাতন । ফের সামনে ওল খ্রিস্টানদের উপরে অত্যাচারের বিষয়টি। পাঞ্জাব প্রদেশেরে জালানওয়ালয়ে উম্মাও জনতার হামলায় ভাঙা পড়েছে ৮৭টি বাড়ি। আগুন পুড়িয়ে দেওয়া হয়েছে অন্তত ১৯টি চার্চ। এই অবস্থায় শয়ে শয়ে খ্রিস্টান পাক নাগরিক দেশ ছেড়ে পালিয়েছেন। জানা গিয়েছে, গত বুধবার উম্মত জনতা পাঞ্জাব প্রদেশের জারানওয়ালায় চড়াও হয় সংখ্যালঘু খ্রিস্টানদের উপরে। হামলায় ভাঙা পড়েছে ৮৭টি বাড়ি। তাঁদের জিনিসপত্র রাস্তায় ছুঁড়ে ফেলে দেওয়া হয়েছে। আগুন পুড়িয়ে দেওয়া হয়েছে ১৯টি চার্চ । এই অবস্থায় শয়ে শয়ে খ্রিস্টান পাক নাগরিক দেশ ছেড়ে পালিয়েছেন। জানা যাচ্ছে, ইতিমধ্যেই ১২৮ জনকে গ্রেফতার করা হয়েছে। অভিযোগ, এক মুসলিম ধর্মগুরু মসজিদের লাউউম্পিকারে খ্রিস্টানদের বাড়ি ভাঙার উসকানি দেন। আর তাতে থেপে ওঠে জনতা। এই পরিস্থিতিতে পাঞ্জাব পুলিশের প্রধান উসমান আনওয়ার এফপিকে জানিয়েছেন, যে ঘটনা ঘটেছে তা মর্মান্তিক। এই ধরনের হিংসাকে বরদাস্ত করা হবে না।’ গতকাল, শুক্রবার পাঞ্জাব প্রদেশের ৬ হাজার ২০০টি চার্চে পুলিশ প্রহরা রাখা হয়েছে। যেনতেনে প্রকারেণ এই নির্যাতন রুখতে প্রশাসন যে মরিয়া তা জানানো হয়েছে। পাক সরকার ও ধর্মীয় নেতারা সকলকে শান্তি বজায় রাখার আবেদন জানিয়েছেন।



কলকাতার মহাজাতি সদনের ৮৫ বছর প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আজ মহাজাতি সদনে একটা বাসরিক অনুষ্ঠান ও সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করেন পশ্চিমবঙ্গ বিধানসভার অধ্যক্ষ শ্রী বিমান বন্দ্যোপাধ্যায়, মন্ত্রী শ্রী জ্যোতিপ্রিয় মল্লিক,রাজসভার সাংসদ শ্রী জহর সরকার ও অন্যান্য অতিথিবৃন্দ ।-ছবি সুবল সাহা

ঝাড়খণ্ডের ২০টি স্টেশন পুনঃগির্মাণ করা হবে

কলকাতা, ১৯ আগস্ট : ভারতীয় রেল আধুনিকায়ন এবং আমূল রূপান্তরের দিকে দ্রুত গতিতে এগিয়ে চলেছে। এর একটি অংশ হিসাবে, ঝাড়খণ্ড রাজ্যের ২০টি স্টেশন সহ অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে অত্যাধুনিক

সুবিধার সাথে সারা দেশে ১৩০০ টিও বেশি রেলওয়ে স্টেশনগুলিকে পুনর্নির্মাণ করা হচ্ছে। অধিকন্তু, ঝাড়খণ্ডে রেলওয়ে পরিকাঠামোর উন্নয়নের জন্য একটি বড় জোর দেওয়ার জন্য, বাজেট বরাদ্দ করা হয়েছে টাকা। ২০২৩-২৪ সালে ৫২৭১ কোটি টাকা যা ২০০৯-১৪ সালের গড় বাজেট বরাদ্দের চেয়ে ১০৫৩ বেশি। অমৃত ভারত স্টেশন প্রকল্পের অধীনে ঝাড়খণ্ডের ২০টি স্টেশনগুলি হল হাতিয়া, পিসকা, বোকারো সিল সিটি, ঘাটসিলা, রাজখরসওয়ান, মনোহরপুর, বারকান্দা, ধনএসসিবি। গোমোহ, পরশনাথ, কোচরমা, ডামোদ্র, হাজারিবাগ রোড, কান্টারগঞ্জ, চন্দ্রপুরা, নগর উটারি, কুমারডুবি,

স্ট্রীর ওপর অত্যাচারের অভিযোগে ধৃত ১

দূরন্ত বার্তা, বকুলতলা, ১৯ আগস্ট : স্ট্রীর ওপর মানসিক ও শারীরিক নির্যাতনের অভিযোগে মোল্লারচক থেকে ধৃত স্বামীকে শনিবার বারুইপুর মহকুমা আদালতে পাঠালো বকুলতলা থানার পুলিশ। বৃহস্পতিবার বকুলতলা থানার মোল্লারচকের এক গৃহস্থ স্বামীর বিরুদ্ধে এই মর্মে একটি অভিযোগ দায়েরের পরে তদন্তে নেমে বকুলতলা থানার পুলিশ বকুলতলা থানার মোল্লারচকের বাড়ি থেকে আজিজুল সরদার (৪৫) নামে এক ব্যক্তিকে শুক্রবার গ্রেফতার করে বকুলতলা থানায় নিয়ে আসে। ধৃতকে শনিবার বকুলতলা থানা থেকে বারুইপুর মহকুমা আদালতে পাঠানো হয়।

যাদবপুরের ছাত্র খুনের দোষীদের শাস্তির দাবিতে মিছিল

দূরন্ত বার্তা, জয়নগর, ১৯ আগস্ট : যাদবপুরের ছাত্র খুনের ঘটনায় দোষীদের শাস্তির দাবিতে শনিবার দক্ষিন বারাহতে মিছিল করলো SFI।স্বপ্ন খুনের বিচার চাই, ঘাতকদের শাস্তি চাই, র‍্যাগিং মুক্ত ক্যাম্পাস চাই।এই দাবীকে সামনে রেখে শনিবার ভারতের ছাত্র ফেডারেশনএর জয়নগর ১ নম্বর লোকাল কমিটির উদ্যোগে ছাত্র ছাত্রীদের নিয়ে মিছিল হয়ে গেল দক্ষিন বারাহত। উক্ত মিছিলে উপস্থিত বিশেষ শতাধিক ছাত্র ছাত্রী সহ SFI নেতা অভিজিৎ হালদার, নীর্থ মজুমদার, ইনজাম আহমেদ লস্কর সহ আরো অনেকে।

চলতি অধিবেশনে প্রস্তাব আনবে রাজ্য

দূরন্ত বার্তা, কলকাতা, ১৯ আগস্ট : পশ্চিমবঙ্গ দিবসের জন্য বিকল্প দিন স্থির করতে তার উপরে আলোচনার লক্ষ্যে রাজ্য সরকার বিধানসভার চলতি অধিবেশনে একটি প্রস্তাব আনতে চলেছে। এইজন্য অধ্যক্ষ বিমান বণ্ডে দ্যাপাধ্যায় ব্রাত্য বসু, ফিরহাদ হাকিম, শিউলি সাহা র মত সদস্যদের নিয়ে যে পশ্চিমবঙ্গ নির্ধারন কমিটি তৈরি করেছেন সেই কমিটি আগামী সোমবার আরও এক দফায় বৈঠকে বসবে বলে বিধানসভা সূত্রে জানা গিয়েছে। উল্লেখ্য রাজ্যের সি ডি আরএ বোস গত ২০ জুন রাজভবনে পশ্চিমবঙ্গ দিবস পালন করলেও শাসক তৃনমূল কংগ্রেস প্রদেশে মুসাম্মদী মমতা ব্যানার্জি তার তীব্র প্রতিবাদ করেছিলেন।

শ্রমিকদের সুবিধায় পোর্টাল ও অ্যাপ চালু করবে রাজ্য

দূরন্ত বার্তা, কলকাতা, ১৯ আগস্ট : পরিবায়ী শ্রমিকদের সুবিধায় রাজ্য সরকার কর্মসূচী শ্রমিক পোর্টাল ও অ্যাপ চালু করেছে। ভিন রাজ্যে কাজে যাওয়া শ্রমিকরা এই পোর্টালে নাম নথিভুক্ত করলে স্বাভাবিক মৃত্যুর ক্ষেত্রে নমিনিকে পঞ্চাশ হাজার ও দুর্ঘটনাজনিত মৃত্যুর ক্ষেত্রে এককালীন ২ লাখ টাকা ক্ষতিপূরণ দেওয়া হবে বলে সরকারিভাবে জানানো হয়েছে। দুর্ঘটনা জনিত অক্ষমতার ক্ষেত্রে এক লক্ষ টাকা পর্যন্ত আর্থিক সহায়তা প্রদান করা হবে। মৃতদেহ নিয়ে আসার জন্য নমিনিকে ২৫ হাজার ও সকারের জন্য তিন হাজার টাকা দেওয়া হবে বলে জানানো হয়েছে।

রসনা

